

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রজ্ঞাপন

ঢাকা, ১১ ফাল্গুন ১৪৩২/ ২৪ ফেব্রুয়ারি ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২১.৬২.০০১৪.২৬.৭৪—সরকার গত ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করে। জাতি, ধর্ম, বর্ণ-নির্বিশেষে বাংলাদেশের মানুষ উৎসবমুখর পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করে।

২। এ ভোট উৎসবে ভোটার উপস্থিতির হার ছিল প্রায় ৫৯ দশমিক ৪৪ শতাংশ - যা জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের একটি উল্লেখযোগ্য মাত্রা নির্দেশ করে।

৩। সফলভাবে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কৃতিত্ব দায়িত্বপালনকারী সংশ্লিষ্ট সকলের, যা ভবিষ্যতের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত। অপার সম্ভাবনার দেশ বাংলাদেশে গণতন্ত্র সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিকশিত হোক-উপদেষ্টা পরিষদ এই কামনা করে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ২ ফাল্গুন ১৪৩২/১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গ্রহণ করে।

৪। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৩২৯৩ )  
মূল্য : টাকা ৪.০০

## উপদেষ্টা পরিষদের ধন্যবাদ প্রস্তাব

২ ফাল্গুন ১৪৩২  
ঢাকা : ১৫ ফেব্রুয়ারি ২০২৬

সরকার গত ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করে। জাতি, ধর্ম, বর্ণ-নির্বিশেষে বাংলাদেশের মানুষ উৎসবমুখর পরিবেশে তাদের ভোটাধিকার প্রয়োগ করে।

এ নির্বাচনের গুরুত্বপূর্ণ দিক হলো একইসঙ্গে গণভোট এবং জাতীয় সংসদ নির্বাচন আয়োজন। এত বৃহৎ দু'টি কর্মকাণ্ড একত্রে পরিচালনা করা প্রশাসনিক দক্ষতার একটা দুরূহ পরীক্ষা ছিল। ভোটকক্ষের সংখ্যা বৃদ্ধি, লজিস্টিক ব্যবস্থাপনা এবং নিরাপত্তা নিশ্চিত করা - এ সমস্ত ক্ষেত্রেই যে সমন্বয় প্রয়োজন, তা সহজে অর্জনযোগ্য নয়। বিশ্বের বহু উন্নত রাষ্ট্রও বৃহৎ পরিসরের নির্বাচনি আয়োজনকে ধাপে ধাপে সম্পন্ন করতে বাধ্য হয়, সে তুলনায় বাংলাদেশে একই দিনের এ আয়োজন নিঃসন্দেহে একটি উল্লেখযোগ্য অর্জন। প্রায় ১২ কোটি ৭৭ লক্ষ ভোটার, ৪২ হাজারের অধিক ভোটকেন্দ্র এবং ২ লক্ষ ৪৪ হাজারের অধিক ভোটকক্ষ - এই বিশাল কাঠামোর মাধ্যমে মাত্র এক দিনেই জাতীয় নির্বাচন ও গণভোট সম্পন্ন করা নিঃসন্দেহে প্রশাসনিকভাবে এক বিরাট চ্যালেঞ্জ। তুলনামূলকভাবে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যে প্রায় ৭ কোটি ৬৬ লক্ষ ভোটারের জন্য ২০২১ সালের বিধানসভা নির্বাচনে আট দফায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছিল। সে বিবেচনায় বাংলাদেশে এক দিনে গণভোট ও জাতীয় সংসদ নির্বাচন আয়োজন কেবল সাংগঠনিক দক্ষতার প্রমাণই নয়, বরং রাষ্ট্রীয় সকল অবকাঠামোর সমন্বয়ের এক উল্লেখযোগ্য দৃষ্টান্ত। দেশি-বিদেশি পর্যবেক্ষক ও গণমাধ্যমকর্মীগণ গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে আয়োজনের ভূয়সী প্রশংসা করেন।

গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রায় সাড়ে ১৭ লাখ আইনশৃঙ্খলা রক্ষাকারী সদস্য দায়িত্ব পালন করেছেন - যা নিরাপত্তা ব্যবস্থাকে একটি সুসংহত কাঠামো প্রদান করেছে। সামগ্রিকভাবে বড় ধরনের সহিংসতা বা রাজনৈতিক সংঘর্ষের বিস্তার ঘটতে দেখা যায়নি। উল্লেখ্য, এত বৃহৎ নির্বাচনে রাজনৈতিক আক্রমণ-প্রতি-আক্রমণে কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি - যা বাংলাদেশের অতীত রাজনৈতিক ইতিহাসের প্রেক্ষাপটে নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। উৎসবমুখর পরিবেশে নারী ভোটারদের উল্লেখযোগ্য উপস্থিতি, ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল নাগরিকের নির্বিঘ্নে ভোটকেন্দ্রে আগমন ও ভোটদানের মাধ্যমে গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন সার্বিক সাফল্যমণ্ডিত হয়েছে।

এ ভোট উৎসবে ভোটার উপস্থিতির হার ছিল প্রায় ৫৯ দশমিক ৪৪ শতাংশ - যা একদিকে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের একটি উল্লেখযোগ্য মাত্রা নির্দেশ করে। অন্যদিকে ভবিষ্যতের জন্য আরও বিস্তৃত রাজনৈতিক সম্পৃক্ততার প্রয়োজনীয়তার কথাও স্মরণ করিয়ে দেয়। গণতন্ত্রের মান উন্নত হয় কেবল ভোটগ্রহণের মাধ্যমে নয় বরং ভোটারদের আস্থা, রাজনৈতিক দলসমূহের দায়বদ্ধতা এবং নির্বাচনি প্রক্রিয়ার স্বচ্ছতার ধারাবাহিক উন্নতির মাধ্যমে।

সুতরাং, বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একটি বৃহৎ ও গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় আয়োজন হিসাবে শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হওয়া নিঃসন্দেহে একটি ইতিবাচক বার্তা প্রদান করে। মানুষ নির্ভয়ে, নির্বিঘ্নে ভোট দিতে পেরেছে - যা গণতন্ত্রের মূল শক্তি। সফলভাবে গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কৃতিত্ব নির্বাচন কমিশন, মাঠ প্রশাসন, সেনাবাহিনী, পুলিশ, আনসার ও ভিডিপি, গ্রামপুলিশসহ ভোট অনুষ্ঠানে দায়িত্বপালনকারী সংশ্লিষ্ট সকলের, যা ভবিষ্যতের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত। অপার সম্ভাবনার দেশ - বাংলাদেশে গণতন্ত্র সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিকশিত হোক - উপদেষ্টা পরিষদ এই কামনা করছে।